দৈনিক সংবাদ

তারিখ 13 AUG 1995
পৃষ্ঠা ১ কলাম ৪

83

কুমিল্লা বোর্ড

# কক্সবাজারে শিগগিরই সংশোধিত ফল পাঠানো হচ্ছে

কক্সবাজার, ১২ই আগস্ট (নিজস্ব সংবাদদাতার ফোন)।– সদ্য প্রকাশিত কুমিল্লা বোর্ডের এসএসসি পরীক্ষার কক্সবাজার জেলার ফলাফল ভুল প্রকাশিত হয়েছে। কয়েক দিনের মধ্যে সংশোধিত ফলাফল পাঠানো হবে। কক্সবাজারের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মোহাম্মদ বাকের আজ সকালে কক্সবাজার জেলা প্রশাসন কার্যালয় চত্বরে এক ছাত্র সমাবেশে কুমিল্লা বোর্ডের উদ্ধৃতি দিয়ে একথা বলেন।

এসএসসি পরীক্ষায় কক্সবাজার জেলার

কুমিল্লা ঃ পৃঃ ৮ কঃ ৪

## কুমিল্লা ঃ ফল পাঠান হচ্ছে

(১ম পৃষ্ঠার পর)

অধিকাংশ পরীক্ষার্থী ফেল করেছে। এ ব্যাপারে গত ২ দিন ধরে কক্সবাজার জেলা সদর, চকোরিয়া, রামু ও উখিয়ায় ছাত্র-শিক্ষক, অভিভাবক, রাজনৈতিক ও ছাত্র সংগঠনগুলো বিক্ষোভ মিছিল, সমাবেশ করে আসছে। জেলা প্রশাসক ও থানা নির্বাহী কর্মকর্তাদের কাছে স্মারকলিপি প্রদান করা হয়েছে।

ছাত্ররা আগামী ১৯শে আগস্ট কক্সবাজার জেলায় অর্ধদিবস হরতালসহ দিনের কর্মসূচী ঘোষণা করেছে।